দৈনিক ইত্তেফাক

তারিখ MAY 4 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫

130

# সরকার মাদ্রাসা শিক্ষার প্রসারে ব্যাপক কর্মসূচী বাস্তবায়ন করিতেছে

..........................বস্ত্র প্রতিমন্ত্রী

বস্ত্র প্রতিমন্ত্রী আ, খ, ম জাহাঙ্গীর হোসাইন বলিয়াছেন সরকার দেশের মাদ্রাসা শিক্ষার প্রসারে ব্যাপক কর্মসূচী বাস্তবায়ন করিতেছে। তিনি বলেন, বর্তমান সরকার দেশের মাদ্রাসার শিক্ষকদের জাতীয় বেতন স্কেলের আওতাভুক্ত করিয়াছে এবং মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করিয়াছে। প্রতিমন্ত্রী গত

(৫ম পৃঃ দ্রঃ)

## বস্ত্র প্রতিমন্ত্রী

( ৩য় পৃঃ পর )

বৃহস্পতিবার পটুয়াখালী জেলার দশমিনা থানা পরিষদ মিলনায়তনে থানার মাদ্রাসা শিক্ষক ও ছাত্রদের এক সমাবেশে বক্তৃতা করেন। দশমিনা আলীয়া মাদ্রাসার অধ্যক্ষ ও থানা শিক্ষক সমিতির সভাপতি মাওলানা মোসলেম উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন থানা আওয়ামী লীগের সভাপতি আবদুল বারেক চালি, সাধারণ সম্পাদক আবদুল আজিজ ও সাবেক উপজেলা চেয়ারম্যান রেজাউল করিম চৌধুরী।

—তথ্য বিবরণী।